



ঢাকা স্কুল অব ইকনোমিকস

(ঢাকা বিশ্ববিদ্যালয়ের অঙ্গীভূত প্রতিষ্ঠান)

বাংলাদেশ অর্থনীতি সমিতি ভবন, ৪/সি ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০, বাংলাদেশ
ফোনঃ ৪৪-০২-৪১০৩১৮২৪, ৪১০৩১৮২৬, ৪১০৩১৮২৮; ই-মেইলঃ info@dsce.edu.bd; ওয়েবঃ www.dsce.edu.bd

নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা স্কুল অব ইকনোমিকস-এ বার্তাবাহক পদে অস্থায়ীভাবে (এক বছরের জন্য) একজন লোক নিয়োগ দেয়া হবে। আগ্রহী প্রার্থীদের নিম্নোক্ত শর্তাবলী পূরণ করতে হবে:

১. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
২. শিক্ষাগত যোগ্যতা অষ্টম শ্রেণী - মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/সমমান পাশ। মাধ্যমিকের উর্ধ্ব হলে অযোগ্য বলে বিবেচিত হবেন।
৩. অফিসের ফাইল/ডাক/চিঠি পৌছানো, চা-পানি পরিবেশন ইত্যাদি কাজ করতে সক্ষম হতে হবে।
৪. শারীরিকভাবে সুস্থ ও পরিশ্রমী হতে হবে।
৫. বিশ্বস্ত ও ভদ্র হতে হবে।
৬. বয়স (৪ সেপ্টেম্বর ২০২৫ পর্যন্ত) ১৮ থেকে ৩২ বৎসর হতে হবে।
৭. মানসম্মত কোন প্রতিষ্ঠানে চাকুরীর পূর্ব অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা হিসাবে গণ্য হবে।
৮. বেতন ও ভাতাদি : ঢাকা স্কুল অব ইকনোমিকস-এর বিধি মোতাবেক নির্ধারণ করা হবে।

আগ্রহী প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সার্টিফিকেট, স্থানীয় জনপ্রতিনিধির নিকট থেকে চারিত্রিক সনদপত্র, অভিজ্ঞতা সনদপত্র, পাসপোর্ট সাইজ ছবি ও জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপিসহ হেড অব এডমিন, ডেভেলপমেন্ট এ্যান্ড একাডেমিক এ্যাফেয়ার্স (ভারপ্রাপ্ত), ঢাকা স্কুল অব ইকনোমিকস বরাবর আবেদন করতে হবে।

আবেদনপত্র আগামী ৪ সেপ্টেম্বর ২০২৫ থেকে ১২ সেপ্টেম্বর ২০২৫ তারিখের মধ্যে জমা দিতে হবে।

আবেদনপত্র জমার ঠিকানাঃ

হেড অব এডমিন, ডেভেলপমেন্ট এ্যান্ড একাডেমিক এ্যাফেয়ার্স (ভারপ্রাপ্ত)
ঢাকা স্কুল অব ইকনোমিকস
বাংলাদেশ অর্থনীতি সমিতি ভবন, ৪/সি, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০।
ফোন নম্বরঃ ৪১০৩১৮২৪, ৪১০৩১৮২৬, ৪১০৩১৮২৮
অথবা

E-mail: info@dsce.edu.bd

হেড অব এডমিন, ডেভেলপমেন্ট এ্যান্ড একাডেমিক এ্যাফেয়ার্স (ভারপ্রাপ্ত)

ঢাকা স্কুল অব ইকনোমিকস